

মার্কেটিং বিভাগে ‘ক্যাম্পাস রিক্রুটমেন্ট’



জগন্নাথ বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের গ্র্যাজুয়েটদের চাকুরি দেওয়ার জন্য ১২ নভেম্বর-২০১৭ (রবিবার) Oppo Bangladesh-এর মানব সম্পদ বিভাগ ‘ক্যাম্পাস রিক্রুটমেন্ট’ এর আয়োজন করে। জগন্নাথ বিশ্ববিদ্যালয় মার্কেটিং বিভাগের কর্পোরেট জগতের ধারাবাহিক অবদানের স্বীকৃতি স্বরূপ আবেদনকারীদের মধ্য থেকে প্রাথমিকভাবে বাছাইকৃতদের লিখিত পরীক্ষা গ্রুপ ডিসকাশন এবং সাক্ষাৎকারের মাধ্যমে সেলফ এক্সিকিউটিভ ও সেলফ মনিটর পদে নিয়োগের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

উল্লেখ্য, মার্কেটিং বিভাগের চেয়ারম্যান মো. জহির উদ্দিন আরিফ ঢাকাস্থ হোটেল লা মেরিডিয়ান-এ Oppo Bangladesh-এর ক্যান্ট্রি ডিরেক্টর মি. ড্যামন ইয়াং, এর ব্র্যান্ড বিভাগ ও মানব সম্পদ বিভাগের কর্মকর্তাদের সাথে ৮ নভেম্বর-২০১৭ তারিখে সৌজন্য সাক্ষাৎ করেন এবং ক্যাম্পাস রিক্রুটমেন্টের বিষয়ে আলোচনা করেন। মার্কেটিং বিভাগের প্রভাষক বিদ্যুৎ কুমার বালোসহ বিভাগের অন্যান্য শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীবৃন্দ অত্র রিক্রুটমেন্ট প্রোগ্রামে সার্বিক সহযোগিতা করেন।